
বঙ্গভাষার ইতিহাস।





🕮 মহেন্দ্রনাথ চট্টোপাধ্যায়

গুপ্তযন্ত্ৰ

কলিকাতা—২৪ মিৰ্জাফর্ম লেন

अवद २२२७, टेका४।



(প্ৰপ্ৰীঠিকা)

প্রতির এক বংসর অভীত হইল, "বঙ্গ ভাষার ইতি-হাস' নামক একটা প্রবন্ধ জ্ঞানদীপিকা সভার দিতীয় বাৎসরিক অধিবেশন সময়ে মৎকর্ত্তক পট্টত হইয়াছিল। নানা কারণ বশতঃ এত দিন ইহা মুদ্রান্ধন করিতে সক্ষয় হই নাই। এক্ষণে কতিপয় বন্ধুর উৎসাছে ভাহার অনেক স্থান পরিবর্ত্তন ও সংযোজন পূর্মক, সাগারণ সমক্ষে প্রচার করিলাম। মাদৃশ ব্যক্তির পক্ষে ইহা অভাস্ত তুঃসাহসের কার্য্য হইয়াছে সন্দেহ নাই। কার্ণ ইতি-হাস রচনা করা কতদূর ক্ষমতার আবেশাক, তাহা বৌদ্ধা মাত্রেই অবগত আছেন। সেই ক্ষমতার শতাংশের একাংশও এ প্রায়রচয়িতার আছে কি না সন্দেহ। বিশেষতঃ বাঙ্গালাদেশের ইতিরত্ত অত্যন্ত অস্পাঠ। যেদেশের ইতিরক্ত অত্যন্ত অপরিজের, সেই দেশ-প্রচলিত ভাষার আদিন বিবরণ তদপেক্ষা অধিক ছ-শু†প্য, ভদ্বিয়ে বাক্য ব্যয় অনাবশ্যক। বহু অনুসন্ধান দারা এই ক্ষুদ্র পুস্তকে বঙ্গভাষার ইতিহাসঘটিত কয়েকটী কথা লিখিত হইন। যশোলাভ বা অর্থোপার্জনার্থ ইহ।র্চিত হয় নাই, ইহার দারা বঙ্গ-সাহিত্যসমাজের কিঞ্জিয়াত্র উপকার হইলেই আমার উদ্দেশ্য সাধিত

ছইবে। সাধাপকে ইহা সাধারণের পাঠোপযোগী ক্রিতে ক্রেট করি নাই, তথাচ ইহাতে যেসকল ভ্রম রহিল, তাহা সজ্জনমগুলীর উদার স্বভাবের উপর নির্ভর করিয়া নিশ্চিন্ত রহিলাম। অবশেষে সক্রভক্ত হৃদয়ে প্রকাশ কবিতেছি,প্রণয়াস্পদ বারু প্রাণক্ষণ দন্ত মহাশয় আমাকে বিশেষ প্রোৎসাহিত করিয়াছেন। বস্তুতঃ ইনি আগ্রহ প্রকাশ না করিলে, আমি এই পুস্তক প্রচার করিতাম কি না সন্দেহ।

কলিকাতা, কুমারটুলি
১৯ নং জয়মিত্রঘাট লেন
সন্ধং ৯২৮, জ্যৈষ্ঠ।

এই পুস্তক রচনা সময়ে নিম্ন লিখিত ইংরাজী ও বাজালা পুস্তক ও পত্রের সাহাষ্য প্রোগু হইয়াছি:—

Calcutta Review. Westminster Review. কৰিচাৰিত এবঃ বিৰিধাণ সংগ্ৰহ। বঙ্গ ভাষার ইতিহাস।

াছুমাত্র সন্দেহ নাই। বেটা কথিতে পাই বে, ই বহু উ. ... ২। তহাসা।

33%

(বঙ্গ ভাষার উৎপত্তি।)

পাৰ্থিৰ সকল পদাৰ্থই পরিবর্ত্তনশীল। আমরা যে দিকেজ্ঞাননেত্রোমীলন করিয়া দেখি, সেই দিকেই দেখিতে পাই বে, কোন বস্তু নূতন উৎপন্ন হইতেছে, কোন বস্তুবা ধংস **হইয়া ভিন্ন ভিন্ন পরমাণুতে লীন হইতে**ছে। অদ্য যে বস্তু একরূপ দেখা যায়, কল্য তাহার ভিন্ন ভাব দৃষ্ট হয়; বর্ত্তমান নিমেব মধ্যে আ– মরা যাহা দেখি, আবার তৎপরক্ষণেই তাহার আর একটী ভিন্ন ভাব লক্ষিত হয়; অদ্য ঘোর ঘনারত হইয়া গগনমগুল হইতে অনবরত বারি-ধারা বর্ষিত হইতেছে, কল্য ঠিক বিপরীত ভাব: অদ্য থণ্ডপ্রলয়ের উৎপাতে অধিষ্ঠানভূত ধর্ণী-মণ্ডল কম্পামান হইতেছে, জীবগণ ওষ্ঠাগত-

প্রাণ হইয়া শকে ইছা সাধারণের পার্ভপার চিন্তা ক্রিতেছে, কুন্ই, তথাচ ইছাতে যেস্কুই স্থিরভাব, প্রাণিগণ নির্ভয়-চিত্তে মহোলাদে বিচরণ করি-তেছে। এ সমস্ত বস্তুর কথা দূরে থাকুক,অতি **দুড়তর পর্বত সমূহ যাহা কথন ভিন্ন ভাব ধার**ণ করিবে এরূপ ভাব আমাদিগের অন্তরাকাশে উদিত হয় নাই, তাহাও কালক্রমে অনন্তনিয়মা-ধীন হইয়া ভগ্নচুড় হইতেছে। এমন কি, কোন-টীরবা একেবারে চি_র পর্যান্ত বিলুপ্ত হইয়া দীর্ঘ দীর্ঘ হ্রদরপে পরিবর্তি হইতেছে; সুবিস্তৃ চ দীপ নমূহ যাহা অসংখ্য অসংখ্য জীবের অধিষ্ঠান ভূমি-সমূহ হইতে শত শত হস্ত উচ্চ,সেই দ্বীপ-পুঞ্জও সাগরে নিমগ্ন হইরা, জলাকীর্ণ স্থানে পরিণত হইতেছে; কোথাও বা সাগর-গর্ভ হইতে কুদু কুদু পর্বত বাহির হ্ইয়া একটা कनाकीर्ग दील मगुरलज्ञ इरेट्डाइ। शृथिवी-मछ्टल अपन दिशन रखहे मुक्के इत नः, याहा পরিবর্ত্তনের অধীন নতে। সুতরাং মনুবোর আংরিক ভাবও যে এই নিয়মের অনুবতী,

তদ্বিবয়ে কিছুমাত্র সন্দেহ নাই। যে হেতু অংবর সাধারণত দেখিতে পাই যে, কৈশ্রিরেস্থার্গ মনুষ্যের একরূপ আন্তরিক ভাব থাকে, যৌবন কাল উপস্থিত হইলে তাহা পরিবর্ত্তিত হয়, আবার যৌবন কাল উত্তীর্ণ হইয়া গেলে, প্রোঢ়ে পদার্পণ সময়ে মনোহত্তি সকল অন্যভাব ধারণ করে, এবং রদ্ধাবস্থায়ও সেইরূপ পরিবর্তনের নিয়ম আছে। মনুষ্যের মনোহত্তি সকল পরি-বর্ত্তনের সহিত অবস্থা, রীতি, নীতি, আচার, ব্যবহার সমুদায় পরিবর্ত্তিত হইতে থাকে। প্রাচীন কালের ইতিবৃত্তগ্রন্থ সকল পর্যালোচনা দারা জ্ঞাত হওয়া বায় যে, যখন একটা জাতির রীতি নীতাদি সংস্ত হইতে আরম্ভ হয়, তথন তাহার দঙ্গে সঙ্গে ভাষাও পরিবর্ত্তি ও পরি-মাৰ্জ্জিত হইতে থাকে, ইহার উদাহরণ স্বরূপ ইংরাজজাতি ও তাঁহাদিগের ভাষার প্রতি মনোনিবেশ করিলে অনায়াদেই উপলব্ধি হইতে পারিবে। এতদ্বারা স্পাইই বুঝা বাইতেছে যে, আমাদিগের ভাষা অন্য কোন

একটা প্রাচীন ভাষার অপত্রংশেই উৎপন্ন হইয়াছে। অসাদেশীয় ইতির্তগ্রন্থ অতি হৃষ্পাপ্য। কেবল মহাকাব্য রামায়ণ ও মহা-ভারত ভিন্ন আর যাহা কিছু ছিল, অধিকাং শই উপযুर्वित ता द्वेविश्वत विश्वः म इहेश निशाहि। এতন্তির আর যে সমস্ত ইতিহাস সম্বনীয় পুস্তক দৃষ্ট হয়, তাহার অধিকাং শই অসম্পূর্ণ অথবা আশ্চর্য্য উপাখ্যান সমূহে পরিপুরিত, বিশ্বাস-যোগ্য সার বিষয় অতি অপ্পই আছে। কিন্ত যাহা হউক, পূৰ্ব্বোক্ত বিশ্বাদ্য প্ৰাচীন প্ৰন্তম্বয়ে ভাষা সমস্কে কোন প্রসঙ্গই দৃষ্ট হয় না। এই নিমিত্ত কোন্ সময়ে এই ভাষার উৎপত্তি হইয়াছে, তাহার স্থনিশ্চয়রূপে স্থির করা যায় না। কিন্তু আমরা বিবেচনা দ্বারা স্পর্টাক্ষরে বলিতে পারি যে, এই ভাষা-রত্ন, সংস্কৃত-ভাষা–রত্নাকর হই-তেই উত্তোলিত হইয়াছে। বোধ হয়, সংস্কৃত ভাষাজ্ঞ ব্যক্তি মাত্রেই এ বিষয়ে দ্বিরুক্তি করি-বেন না। অতএব এই খনি অন্বেষণ করিলে অবশ্যই ইতিলক্ষ রত্ন সমূহের উৎপত্তি বিবরণ

কিছু ন, কিছু অবগতি হইতে পারিবেই পারিবে। অতএব তদন্বেষণে প্রবৃত হওয়া গেল।

ইউরোপীয় ভাষাবিৎ পণ্ডিতেরা লিখিয়াছেন যে, অতি পূর্বকালে পুরাতন গোলকার্দ্ধে কেবল তিনটী প্রাচীন ভাষা মাত্র প্রচলিত ছিল। তন্মধ্যে এদিরা খণ্ডের অন্তঃপাতি ইরান্ প্রদেশীয় একটী ভাষা হইতে লাটিন,জৰ্মন্,গ্ৰীক,নৰ্ম,প্ৰভৃতি ভাষার উৎপত্তি হয়; এনিয়া খণ্ডের জেন্দ ভাষা হইতে উর্দ্ধৃ ইত্যাদি এবং সংস্কৃতের অপত্রংশে ভারতবর্ণীয় বর্ত্তমান প্রচলিত ভাষার প্রায় অধিকাং শই উৎপত্তি হইয়াছে। তাহার সংক্ষিপ্ত বিবরণ এন্থলে প্রকটিত হইল। যথা,—বর্ত্তমান বে কোন ভাষা যতই সম্পূর্ণাবস্থা প্রাপ্ত হউক না কেন, প্রথমতঃ একেবারে কথনই সেরূপ হইতে পারে না, অপরিণভাবস্থা হইতেই ক্রমে পরিবর্ত্তিত হইরা একটী উৎফুট ভাষা মধ্যে পরিগণিত হয়। সংকৃত বে এত উৎকৃষ্ট ও সুললিত ভাষা, তাহাও বহুবার পরিবর্ত্তিনা হইয়া কথন এরপ পূণাবস্থা ধারণে সমর্থ হর নাই। কারণ

<u> ৰংক্তভাবাবিং পণ্ডিত মহাশয়েরা</u> বিশেষ সমালোচনা দ্বারা অবগত হইয়াছেন বে, ঋণ্ডেদ নংহিতার ভাষাই অতীব প্রাচীন। কিন্তু তাহার সহিত মনুসংহিতা ও বাল্মীকি রামায়-ণের ভাষার তুলনা করিয়া দেখিলে অনেক পরিবর্ত্তন দৃষ্ট হয়। পরস্ত আবার ঐ সংহিতার ও রামারণের ভাষার দহিত মহাভারতের অনেক বৈলফণ্য প্রতীতি হইয়া থাকে। মহাভারত রচনার ক্রেক শত বৎসর পরে, ভারতক্বি-কুলশেথর কালিদাস জন্মগ্রহণ করেন। ভাঁহার দারা ভাষার অনেক পরিবর্তন হইয়াছে। বোধ হর কালিদাসের সংক্ত, তাল্লিক সংক্তে পরিণত হইয়া থাকিবে। এস্থনে অনেকে জিজ্ঞাসা করিতে পারেন যে, এরূপ পরিবর্তনের কারণ কি ? কিন্তু স্থির চিত্তে বিভাবনা করিয়া **क्लिश्ल ज्या हेरे छहांच इरेटच পाता यात्र त्य,** উলারণদৌকর্যা ও অধিক ভাব অণ্প মনর মধ্যে প্রকাশার্থই ভাষা এইরূপ দংকৃত হইরা ধ কে। বৈদিক-সংকৃত অগীব ছুরাছ্ও ছুরু-

চার্য্য, সংক্ত ভাষা বিশারদ পণ্ডিত মহাশয়ে-রাও সময়ে সময়ে উক্ত গ্রন্থরচিত শব্দাবলী উস্চারণ করিতে সঙ্গু চিত হন। বোধ হয়, ভজ্জন্য ই মসুসং হিতা, রামায়ণ, মহাভারত ও কালিদাসের সংস্ত অংশকাক্ত সরল ও 🖒 সকল রচনায় অধিক বিক্ষণ কার্য্য ব্যবস্ত হ্ইয়াছে। খুটীয় শতাকীর ৫ শত বংসর পূর্কো বুদ্ধদেবের সম-কালে সংস্তুত ভাষার অপত্রংশে 'গোথা' নাত্রী একটী পৃথক ভাষা সমুৎপত্ন হইয়াছিল। সংক্তজ্ঞ মহে'দেয়গণ বলেন যে, গাখ। প্রাচীন সংক্ষাতের সহিত প্রায় সর্বাংশেই সমান,কেবল বিকর্ষণ কার্য্যের নিমিত্ত বিভক্তাদির কিছু বৈলক্ষণা দৃউ হয়। এই অপত্রংশিত ভাফ সমু২পরের প্রায় ২৫০ বংসর পরে অশোক র:জার অ:বিপতা সময়ে উহাই পরিবর্ত্তি হইয়: এ পর্যান্ত সিং দল দ্বীপে প্রচলিত **আছে। অ-**শোক রাজার প্রায় এক শত বংসর পরে প্রাকৃত ভাষা সমূৎপত্ন হইরাছে। তৎপূর্ক্তে যে প্রাক্তুত

ভাষার স্থটি হয় নাই, তদ্বিষয়ে অনেক প্রমাণ পাওয়া যায়, অনাবশ্যক বোধে এস্থলে লিখিত হইল না। প্রবল প্রতাপায়িত উজ্জয়িনী স্বামী বিক্রমাদিত্যের শাসন কালে সংস্কৃতভাষা অপ– ভংশিত হইয়া প্রাক্কত, মহারাষ্ট্রীয়, মাগধী, শোরদেনী, পৈশাচী, ও পাশ্চাত্য প্রভৃতি অফুন দশ ব। দাদশটা ভাষার সৃষ্টি হয়। প্রাচীন আর্য্যাণ দেই সমূহকেই প্রাক্ত নামে আখ্যাত করিরাছেন। এবং বোধ হর সেই সমুদায় ভাষার পরিবর্তনেই বাঙ্গালা, তৈলঙ্গী, গুজরাটী, হিন্দী প্রভৃতি ভারতবর্ষের অধুনা প্রচলিত ভাষা সমূ-হের উৎপত্তি হইয়া থাকিবে। কিন্তু কোন্ প্রাক্ত হইতে কোন্টার সৃষ্টি হইয়াছে, তাহার কোন বিশেব প্রমাণ প্রাপ্ত হওয়া বায় না। বিশেষত, ৰঙ্গ ভাষায় লিখিত কোন প্ৰাচীন রচনা না থাকার এই ভাষার আদিম বিবরণ সংগ্রহ করা অতীব কঠিন। বহু অনুসন্ধান দারা অবগতি হয় চৈতন্য দেবের আবিভূতি হুইবার এক শত বংসর পূর্বের রাজ। শিব্দিং হ

লক্ষ্মী-নারায়ণের আধিপত্য সময়ে, বঙ্গদেশে বিদ্যাপতি নামক এক ব্যক্তি বঙ্গভাষায় অনেক– গুলি পদ রচনা করিয়াছিলেন। তাহার মধ্যে কয়েকটা এখনও বঙ্গদেশে বর্ত্তমান আছে। সেই সকল পদাবলীর রচনা প্রণালী দৃষ্টে অতি প্রাক্তন বলিয়া অনুমান হয়, এবং তাহাতে হিন্দী শব্দের অাধিক্য প্রযুক্ত বোধ হয় যে, পূর্ব্বে অঙ্গাদ্দেশে হিন্দীভাষা প্রচলিত ছিল। এবং এই হিন্দী-ভাষা যে মগধের অপত্রংশে উৎপত্তি হইয়াছে, তাহার প্রমাণ চীনদেশীয় ভ্রমণকারী ফাহিয়া-নের গ্রন্থে পাওয়া যায়। তিনি লিখিয়াছেন ষোড্শ শত বৎসর পূর্বের এদেশে কেবল সংকৃত ও মাগধীভাষা প্রচলিত ছিল। পূর্বেই উক্ত ইই-য়াছে মাগধী সংক্তের অপভংশিত ভাষা। हिन्मी देहा इटेट उंदशन इटेशाट्ड ठाहांड প্রতিপন্ন করাগেল। এবং বিদ্যাপতি ও চণ্ডিদান প্রভৃতি প্রাচীন লেখকদিগের রচনা প:ঠে অব-গত হওয়া যায় যে হিন্দীরই অপত্রংশে বাঙ্গালা ভাষার উৎপত্তি হইয়াছে।

(প্রাচীন রচনা ও প্রস্কর্তাগণ।)

উংপত্তি বিবরণ এক প্রকার কথিত হইল, এক্ষণে প্রাচীন রচনা ও গ্রন্থকারদিগের বিষয় আলোচনার প্রবৃত্ত হওয়া যাইতেছে।

পুর্বেই উক্ত হইয়াছে যে বিদ্যাপতি, রাজা শিবসিংহ নারায়ণের সমকালে আবিভুতিহন রাজা শিবসিংহ নারায়ণ চৈতন্য দেবের প্রায় এক শত বংসর পূর্বের বাঙ্গালার অন্তঃপাতি পঞ্-গৌড় নামক স্থানে রাজত্ব করিয়া গিয়াছেন। এই স্থানটা কোথায়, তাহা জ্ঞাত হইবার উপায় নাই, কিন্তু ইহা যে বঙ্গদেশের অন্তর্গত তদ্বিষয়ে मत्मरहत रकान कार्य मुखे हश ना। टेइडनारमब শ্বটীর ১৪৮৪ অবেদ জন্ম গ্রহণ করেন, সুতরাং বিদ্যাপতি একণ (১৮৭০ শ্ব: আঃ) প্রায় ৪৮৬ বংসর হইল বঙ্গদেশে (১৩৮৪ খ্নঃ অঃ) বিদ্য-মান ছিলেন। ইহাঁর রচনাবলি পাঠ করিয়া জ্ঞাত হওয়া বায় যে ইনি একজন বৈষ্ণব-ধৰ্মা-বলয়ী। বিদ্যাপতির রচনায় রূপনারায়ণ

প্রভৃতি আরও কয়েকটা বাক্তির নামে ভণিত।
দৃত হয়। বােধ হর ভাঁহারা বন্ধীর আদি কবির
প্রিয়তম বন্ধু ছিলেন*। বিদ্যাপতির পূর্ববর্তী
বাঙ্গালা রচয়িতা এপর্যান্ত আমাদিগের নয়নপথের পথিক হয় নাই, স্কুতরাং বিদ্যাপতিকেই
প্রথম বাঙ্গালি রচয়িতা বলিয়া আখ্যাত করা
গেল। সাধারণের গোচরার্থ বিদ্যাপতি-লিখিত
কয়েকটা পদ এস্থলে উদ্ধৃত হইয়াছে ঃ—

"এ ধনি কর অবধান। তো বিনে উনমত কান।
কারণ বিশুক্ষণে হাম। কি কহরে গদ গদ ভাষ।
আকুল অতি উভরোল। হা ধিক্ হা ধিক্ বোল।
কাঁপেয়ে ছুরুবল দেল। ধরই না পারই কেছ।
বিদ্যাপতি কহ ভাঝি। রূপনারায়ন সাথি॥"

(প্রহেলিকা।)

'বিধু কোলে করি, বামন কিরয়ে, দেখয়ে জনন আঁথে। বোয়ায় বলিছে, বধিরে শুনিছে। বঙ্গার তনয় কালে।

^{*} কারণ বিদাপতি এক কলে লিখিয়াছেন।
"বিদাপতি কছ ভাখি।
কপ নারায়ণ স্থিধ"

পাদ্য অর্ঘ্য নিয়া, পথে দাঁড়াইয়া,
আছুরে পিতার পিতা।
ভয়ে ভঙ্গ দিয়া, গেল পলাইয়া,
শুনিঞা ভবিষ্য কথা।
কহ বিদ্যাপতি, পিতা না জনমিতে,
পুত্রের প্রতাপ এত।
না জানি ইহার, পিতা জনমিলে,
প্রতাপ বাঢ়িত কত।

বিদ্যাপতির সময়েই চণ্ডিদাসের কবিত্বশক্তি জ্যোতি বঙ্গভূমে প্রতিভাতিত হইয়াছিল। না-লুর প্রামে তিনি বাস করিতেন, এই প্রাম জেলা বীরভূমি সংক্রান্ত সব ডিবিজন সাকুলী-পুরের পূর্বাদিকে অব্যবহিত নৈক্ট্যে অবস্থিত। তিনি জাতিতে ভ্রান্ধণ ছিলেন *। "বড়ু" ভাঁহার উপাধি ছিল †। নালুরপ্রামে "বাশুলি"

^{*} নবছর দাসের ভাণিতায় এইগণ দ্থ হয়:—

" জয় জয় চণ্ডিদাস দয়াময় মণ্ডিত সকল ওবে।
অনুপম যাঁর যাশ রুসায়ন গাওত জগত জনে।
বিঞারতে ভূপ ভূবনে পৃভিত অতুল আনিদ দাতা।
গাঁৱ তেন্মন রস্তন নাজানি কি দিয়া কবিল ধাতা ন"

† চণ্ডিদাস নিজ কবিতায় এইকপ লিখিয়াছেন:—

"বৈর্জ নাছিক তায়। বডুচ্ডিদাস গায়ন"

অধাং বিশালাকী নামে এক প্রস্তরমরী দেবীমূর্ত্তি অন্যাববি বৰ্ত্তমান। আছেন । দেই দেবী চণ্ডি-দাসের প্রথম ইন্ট দেবত। ছিলেন। পরে তিনি বৈষ্ণৰ ধর্ম অবলম্বন করিলে নামুর প্রাম নিবা-দিনী রামী নামী এক রজককন্যা তাঁহার উপন,রিকা হয়। কথিত আছে, বিশালাকী স্বঃং ভাঁহাকে ক্লফোপাদনা করিতে উপদেশ श्रमान करतन, ववर उज्जनारे प्रशिमान कूरका-ণাসনা কালে যে সকল সংকীর্ত্তন ব্যবহার कतिरञ्ज, उत्पर्धा विभानाकीरक উপদেশকতी বলিয়া স্বীকার করিয়াছেন+। হিনি কুঞ্লীলা विविश्विण वानक शमावनी ७ "श्रीवाधा शाविक (कनीविनामण नाम:धर् अकथानि अन् अनत्न

^{*} এই দেবতার প্রতিস্তি শিবোপরি চতুর্ভাক্তি এক যও থোদিত প্রস্তর

^{† &}quot;করে চণ্ডিদানে, বাগুলি আদেশে, চেরিয়া নখের কোনে। জনস সফলে, যমুবার কুলে, ফিলায়ল কোনজনে।"

করিয়াছিলেন*। তাঁহার রচনার করেক পংক্তি নিমে প্রকটিত হইল ঃ—

"দে সে নাগর গুণধান। জপরে তাঁহার নাম।।
শুনিতে তাহার বাত। পুলকে ভায়ে গাত:।
শুনত করি শির। লোচনে করের নীর।।
বদিবা পুছরে বাণী। উলাটকরয়ে পাণি॥
কহিয়ে তাহারি রীতে। আন না ব্ঝিব চিতে॥
ধৈরজ নাহিক তায়। বড়ু চঙিদাস গায়॥"

স্বিখ্যাত উইনসন সাহেব কৃত উপাসকসম্প্রনায় নামক ইরাজি পুস্তক ও বিদ্যাপতির
কবিতা পাঠ করিয়া অবগতি হয়, যে গোবিন্দ
দাস কবি, বিদ্যাপতি ও চ,ওদাসের সমকালবত্তী লোক;। বিশেষত গে,বিন্দ দাসের রচনা
মধ্যে একস্থলে লিখিত আছে—

" বিদ্যাপতি পান যুগাল সরোক্ত নিসন্দিত মকরন্দে।
ত চু মন্বু মানস মাতল মধুকর পিবইতে কুরু অনুবন্দে॥"

এই কবিতা পাঠে স্পান্ত জানা যাইতেছে যে, গোবিন্দ দঃস, বিদ্যাপতি ও চণ্ডী বড়ুর পূর্ব্ধ_ বত্তী লোক নহেন। এবং তিনি যদি পূর্ব্বোক্ত কবিদ্বয়ের অধিক পরবত্তী লোক হইতেন, তাহা হইলে, বিদ্যাপতির ভণিতার ভাঁহার নাম প্রকাশিত থাকিত না। ভক্তমাল গ্রন্থে ই হাকে গোবিন্দ কবিরাজ বলিয়া লিখিত আছে। ঐ পুস্তক পাঠে জ্ঞাত হওরা যায় যে, গোবিন্দৰাস কবিরাজ বুধুরী প্রাম নিবাসী রামচন্দ্র কবিরা-জের ভাতা এবং শ্রীনিবাস আচার্য্যের শিষ্য ছিলেন। ইঁহার প্রণীত কবিতা সকলও নিতান্ত কবিত্বশূন্য ছিল না। নিমে কয়েক পংক্তি প্রদত্ত হইল ঃ---

"জনু বাঙ্ন করে ধরুব সুধাকর পঙ্গুচড়ব গিরি নিখরে। জন্ধাই কিয়ে দশদিশে থোজর মিলব কলপত্ত নিকরে। শোনহ অন্ধ করত অনুবদ্ধ ভকত নথর মণি ইন্দু। কিরণ ঘটায় উদিত ভেগ দশ দিশ হাম কি নাপায়ব বিন্দু। গোই বিন্দু হাম বৈগানে পায়ব তৈথানে উদিত ন্যান। গোবিন্দ দলে সতয়ে অবধারল ভকত কৃপা বলবান॥"

कविवत शांविन मारमत शात , वांव इश, ১৫২৯ খৃঃ অব্দে প্রবল প্রতাপান্থিত মোগলরাজ্য সংস্থাপনকর্ত্ত। বাবর শাহের সময়ে জীব গো-স্বামী নামা এক ব্যক্তি 'কেরচাই' প্রন্থ প্রন্থ করেন। এই পুস্তকের বয়স প্রায় ৩৪০ বৎ দর। অনেকে কহিতেন ' ত্রিপুরার রাজা -বলি" নামক গ্রন্থ অতিপ্রাচীন, কিন্তু সেই পুস্তক "এদিয়াটিক দোদাইটী" নামী সভার দারা পরীক্ষিত হওয়াতে সে ভ্রম দুর হইয়াছে। জীব গোস্বামীর পর, নরহরিদাদ, রন্দাবন দাস, শেখর রায়, সনাতন, বৈফাব দাস প্রভৃতি অনেকগুলি ব্যক্তির প্রাত্তাব হইয়াছিল। ভাঁহারা প্রায় সকলেই চৈতন্যোপাসক ছিলেন। উক্ত ধর্ম-সম্বনীয় অনেক সংকীর্ত্তনাদি রচনা করত আপন আপন কীর্ত্তি সংস্থাপিত করিয়া-ছেন। তাঁহারা সকলেই চৈতন্যের পরবন্তী लाक। अडे मकल मरहानग्रहिरात मरधा तुन्हा-বন দাস ক্তে চৈতন্যভাগ্ৰত নামক একখানি এন্থ আমাদিণের নয়ন-মুকুরে প্রতিবিধিত হয়।

সাধারণের দর্শনার্থ এ স্থলে সেই পুস্তকের কয়েক পংক্তি উদ্ধৃত হইল।:—

"অতএব অবৈত বৈষ্ণৱ আগ্রগণা।
নিবিল ব্রহ্মাণ্ডে যার ভক্তিযোগ ধর্মা।
এইমত অইছত বৈদেন নদিয়ায়।
ভক্তি যোগশুনা লোক দেখি তুঃখ পায়।।
সকল সংসার মন্ত বাবহার বশে।
ক্ষণ পূজা কৃষ্ণ ভক্তি কারো নাই লাদে।
বাশুলি পূজরে কেহ নানা উপহারে।
নদ্য নাংস দিঞা কেহ যক্ষ পূজা করে।
পুনরপি নৃতা গীত বাদ্য কোলাইল।
না শুনে ক্ষের নাম পারম মঞ্চল।
কৃষ্ণ মূল্য মন্তলে নাহি আর সুখ।
বিশেষ অবৈত বড় পান মহা ছখ।।
স্থাবের উদ্ধার চিত্তেন হইয়া সদয়।
ভাবের উদ্ধার চিত্তেন হইয়া সদয়।"

এ স্থলে একটা কথা নিতান্ত অপ্রামাণিক নহে যে, চৈতন্যাবতারের অবতরণের পরেই, চৈতন্য ধর্মাবলয়ী ব্যক্তিগণ দারা বঙ্গভাষার বিশেষ উন্নতি হইয়াছে। কারণ চৈতন্যপদ, চৈতন্যভাগবহু, চৈত্যামঙ্গল, ভক্তমাল, চৈতন্য-

চরিতাহত প্রভৃতি যে সকল প্রাচীন গ্রন্থ আমা-নিগের নয়ন–মুকুরে প্রতিবিশ্বিত হইতেছে, তাহার অধিকাংশই উক্ত সাম্প্রদায়িক ব্যক্তিগণ দারা রচিত বলিয়া স্পাঠ প্রতীরমান হয়। যাহা হউক, রন্দাবন দাসাদির পর ১৫৬৪ খৃঃ অব্দে প্রজা-पूर्थ मद्यक्ति नमाउँ व्याक्तरतत नमरत्न क्रक्षनान কবিরাজ নামক এক ব্যক্তি বর্ত্তমান ছিলেন। ি হিনি ' চৈতন্যচরিহাস্ত্র নামক প্রস্থের রচয়িহা। এই গ্রন্থে ৬৮ খানি সংস্কৃত গ্রন্থাক্ত স্লোকা-বলি ও অন্যান্য উপপুরাণ সমূহের অনেক বচন ও কবিতাদি দেখা যায়। এই পুস্তকে চৈতন্য নেবের আদি, মধ্য, ও অন্তলীলা স্থবিস্তুতরূপে বর্ণিত হইয়াতে। গ্রন্থকার নিজেই স্বীকার করি-লাছেন বে, তিনি গৌরাঙ্গ-সহচর রঘুনাথ দাসের শিষ্য ছিলেন। কুঞ্দাস কবিরাজ-রচিত আর একখানি গ্রন্থ এখনও বর্ত্তমান আছে। তাহার নাম "ভক্তমাল"। ভক্তম'লে প্রায় ৪১ খানি সংকৃত গ্রের শ্লোক দৃট হয়; এডব্রিন ব্দানকানেক পুরাণাদিরও নামে:লেখ আছে।

এই প্রন্থে নাভান্ধীর নামক পুস্তকের আভাস লইরা, সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি, যুগচতুষ্টয়ে প্রাহ্ছু ত বিষ্ণুভক্তদিগের জীবন-চরিত পরি-কীর্ত্তি হইরাছে। ভক্তমাল রুঞ্চদাসের রদ্ধা-বস্থার রচনা। নিমে চৈতন্য-চরিতাস্তের একটী অংশ উদ্ধৃত হইল। এই রচনায় পূর্ববর্ত্তী রচনাবলি অপেক্ষা অম্প হিন্দী শব্দের ব্যবহার দেখা যায়।

ভোদিনীলা মধালীলা অন্তলীলা সার।

এবে মধালীলা কিছু করিয়ে বিস্তার ।

ভাইদেশ বর্ষ কেবল নীলাচলে স্থিতি।
আপনি আচরি জীবে শিকাইল ভক্তি॥
ভার মধ্যে ছয় বৎসর ভক্তগণ সঙ্গে।
প্রেম ভক্তি প্রবর্জাইল নৃত্যগাভ রঙ্গে॥
নিত্যানন্দ গোসাঞিরে পাঠাইল গৌড়দেশে।
ভিহোঁ গৌড়দেশে ভাসাইল প্রেমরুমে।
সহজেই নিত্যানন্দ কৃষ্ণ প্রেমোদাম।
প্রভু আজার কৈল যাহা ভাঁহা প্রেমদান॥
ভাঁহার চরণে মোর কোটি নমস্কার।
টিতনার প্রিয় যিহোঁ লওয়াইল সংসার॥

হৈতনা গোসাঞি যারে বলে বড় ভাই। তিহেঁ। কহে মোর প্রভু চৈতনা গোসাঞি॥"

চৈতন্য-চরিতাস্ত রচনার পর ক্বতিবাসের রামায়ণ প্রচারিত হয়। প্রকৃত গুণ ধরিয়া বিবে-চনা করিলে ক্রভিবাস বঙ্গদেশের প্রথম কবি। ভাঁহার পূর্ব্ববন্তী কবিগণ নানা ভাব-পরিপূরিত সুদীর্ঘ গ্রন্থ প্রায় কেহই রচনা করিয়া যান নাই। রামায়ণ পাঠে অবগতি হয় যে, ক্তিবাস নদীয়া জেলার অন্তঃপাতি শান্তিপুরের সন্নিকটে ফুলিয়া গ্রামে বাস করিতেন#। ভাঁহার ত্রাহ্মণ কুলে জন্ম †। তিনি কিন্ধিন্ধ্যাকাণ্ডের এক স্থলে 'ফুত্তিবাস পণ্ডিত মুরারি ওঝার নাতি" বলিয়া আত্ম পরিচয় দিয়াছেন। ক্তিবাদ কোন্সময়ে জন্মগ্রহণ করিয়াছেন, তাহাজ্ঞাত হইবার উপায় नाइ। किन्छ कृष्णमाम कवित्राज-त्रिक टिन्ना-

^{* &#}x27;' কুলিয়ার কডিবান গায় প্রবাভাগু।

রাব্দেরে মঞাইতে বিধাতার কাণ্ড।"

বামায়ন, অবন্যকাগু।

^{† &#}x27;' রামদরশনে মুনি, যান অগ্রান। রচিল অর্ণ্যকাও ভিজ কুভিযাস ॥''

রামায়ণ, অর্ণ্যকাও।

চরিতাহতের পরবর্তী লোক ছিলেন্ড তাহার অনেক প্রমাণ পাওয়া যায় i অনিক্রি অনুমান करतन, श्राप्त ७०० भेड वरमे इहेल, किन এ দেশে বিদ্যমান ছিলেন#। এটী সত্য হইলে व्यनातारमरे वला याहर् शारत या कुछिवाम, স্মাট আকবরের সময়ে বর্ত্তমান ছিলেন। ক্লুভি-বাসের রামায়ণ একণে অত্যন্ত হুষ্পাপ্য হই-রাছে। উহা ১৮০২ খৃঃ অব্দে মিশনরিদিগের দার। এরামপুরে প্রথম মুদ্রিত হইয়াছিল। বর্ত্তমান সময়ে কলিকাতা বউতলায় যন্ত্রিত যে রামা-য়ণ ক্ষতিবাদের বলিয়া বিক্রীত হয়, উহা 🛩 জয়-গোপাল তকালকার মহাশয় দারা সংশোধিত ও পরিবর্ত্তিত হইয়াছে। ক্রুতিবাসের অব্যবহিত পরে বা তথ সমকালেই কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর কবিত্ব যশোপ্রভা প্রকাশিত হয়। তিনি वामभाह काँहागीत्त्रत मगरत वर्जमान हिल्लन। বর্জমানের অন্তর্কতী দামুন্যা-প্রামে তাঁহার

^{*} আমুমানিক ১৫৬: খৃঃ অদে কৃত্তিবাস জীবিত ছিলেন। ইছাতে বোধ হইতেছে, জিনি কৃষ্ণাস ক্ৰিরাজের সমকালবর্ত্তী লোক।

উৰ্দ্ধতন সপ্ত পুৰুষের বাসস্থান ছিল 🛊 ৷ মুকুন্দ-রামের পিতার নাম হৃদয়মিশ্র, ও পিতামহের নাম জগরাথ মিশ্র। এ স্থলে অনেকে জিজ্ঞানা করিতে পারেন যে, চক্রবতী কবির পিতৃ-পিতামহাদির মিশ্র উপাধি হইবার কারণ কি ? কিন্তু চিন্তা করিয়া দেখিলে জানিতে পারি-বেন যে, কবিবরের মিশ্রই প্রক্লুত উপাধি ও চক্রবন্তী ভাক উপাধি মাত্র। তাঁহার প্রস্থোৎ-পত্তি বিবরণ পাঠে অবগতি হয় যে, কবিবর कीवलभाग व्यानक कछ महा करियाहितन। ক্ষিত আছে, শঙ্করমোহিনী চণ্ডী স্বপ্নযোগে डाँहारक शना तहनार्थ जालिंग करतन, किन्छ म বিষয় কত দুর সত্য, তাহা আমরা অবগত নহি। যাহা হউক,তিনি নানা স্থান পৰ্য্যটন ও ছুঃখ-বাত্যা সহ্য করত পরিশেষে বাঁকুড়ার পূর্ব্বাধিকারী আড়রা নামক স্থানের রাজা রঘুনাথ রায়ের নিকট

^{* &#}x27;'নহর শিলিমাবাজ, তাহাতে স্থভন রাজ, নিবসে নিয়োগী গোপীনাথ। তাহার তালুকে বসি, দাম্নগায় করি কৃষি, নিবাস পুরুষ ছয় সাত ॥"

আপনার হঃখ ও স্বপুর্তান্ত বর্ণনানন্তর নিজ রচিত কবিতা পাঠ করেন। রাজা রচনা শ্রবণে পরিত্র ইইয়া রচয়িতার ভরণপোষণ জন্য দশ আড়া ধান্য প্রদান করিয়াছিলেন। এবং নিজ পুত্রের শিক্ষাগুরু-পদে অভিষিক্ত করেন। এইরূপে কবিবর গুরবস্থা হইতে নি-ক্ষৃতিলাত করিয়া সুথে কালাতিপাত করিতে লাগিলেন। তৎপরে তেনি রাজার আজায় উৎসাহিত হইয়া "চঞী" কাব্য রচনার প্রবৃত হন। এই গ্রন্থ প্রায় ২৬০ বা ২৭০ বংসর হইল রচিত হইয়াছে। ইহাতে রামায়ণ অপেক। অধিক কবিত্ব শক্তি দুট হয়। মুকুন্দ-রাম নিজে দরিদ্র ছিলেন, স্মতরাং ভাঁহার রচনা মধ্যে হুঃখীগণের ক্লেশ বর্ণনায় অধিক ক্ষমতা প্রকাশ পাইয়,ছে। স্বভাব বর্ণনায়ও তিনি কুতিবাদ অপেক্ষা নিকুট ছিলেন না। বন্ধীয় ক্রিগণের জীবনী লেখক মহোদ্রগণ ইঁহাকে প্রথম প্রহেলিকা রচ্ত্রিতা বলিয়া নির্দেশ করি-য় ছেন। কিন্তু আদি কবি বিদ্যাপতির রচনাতেও প্রহেলিকা দেখা যায়,অতএব আমরা চক্রাত্তী কবিকে উপরোক্ত প্রশংসা প্রদান করিতে কুঠিত হই।

চণ্ডীর পার "কালিকামন্দল" নামক গ্রন্থ রচিত হয়। প্রাণরাম চক্রাত্রী ইহার প্রণেত।। এবাক্তিকে ? কোথায় জন্ম ? তাহা অবগত হইবার কিছু মাত্র উপার নাই। কালিকামঙ্গলে বিদ্যাস্থলবের উপাধ্যান বর্ণিত হইয়াছে। বিদ্যাস্থন্দর গ্রন্থ কোন বঙ্গীর কবির মনঃকণিপাত নহে। রাজা বিক্রমাদিভার একজন সভা-সদ্বরফ়চি-বির্চিত সংস্ত গ্রের ভাব গ্রহণ করির। প্রাণরাম চক্রবতী প্রথমতঃ উহা রচনা করেন। তথপরে পুনরায় প্রথমোক্ত গ্রন্থ হইতে বিখ্যাত রামপ্রসাদ দেন বিদ্যা-স্থন্দর লিখেন। মূলের সহিত এই ছই প্রস্থের অনেক সাদৃশ্য আছে। পরিশেষে উক্ত প্রসাদী বিষয় অবলয়ন করিয়া বঙ্গকবিকুল শে-খর ভারতচন্দ্র রায় বর্ত্তনান প্রচলিত বিদ্যাপ্রন্দর রচনা করেন। কিন্তু তিনি সূলের প্রতি বড় দৃষ্টি

বঙ্গ ভাষার ইতিহাস। 🌉

রাখেন নাই। তিনি যে ধূয়া প্রণাটী অবিশ্বন করিয়া কাব্য প্রণয়ন করিয়া গিয়াছে ক্রিয়া প্রথমতঃ প্রাণরামচক্রবত্তী কর্তৃক উদ্ভাবিত হইয়াছে। কালিকামঙ্গলের পর কাশীরামদাসের মহাভারত প্রচারিত হয়। এই গ্রন্থ প্রায় হইশত বংসর হইল রচিত হইয়াছে। গ্রন্থকর্তা বঙ্গ-ভূমে কাশীদাস নামে বিখ্যাত, কিন্তু ভণিতা দ্বারা জ্ঞাত হওয়া যায় যে, তাঁহার প্রকৃত উপাধি দেব। এই বাক্যের সত্যতা প্রমাণার্থ মহাভারত হইতে হুইটা পংক্তি উদ্ধৃত হইল। যথাঃ—

> " চন্দ্রচ্ডপদরর করিয়া ভাবনা, কাশীরাম দেবে করে পরার রচনা।"

যদি তাঁহার "দেব " উপাধি না হইত, তাহা হইলে কথনই নামের পরে ঐ পদবীটা সংলগ্ন করিতে পারিতেন না। তাঁহার রচনা—পাঠে অবগতি হইতেছে যে, তিনি ইন্দ্রাণীনামী স্থানের অন্তর্কতী সিদ্ধগ্রামে বসতি করিতেন।
ইন্দ্রাণী ভূগলী জেলার মধ্যস্থিত। তাঁহার পিতার

নাম কমলাকান্ত দেব ও পিতামহের নাম সুধাকর দেব। কাশীরাম দেব একজন পরম রুঞ্চতত ছিলেন এবং অনেকে অনুমান করেন যে, ক্লঞ প্রীত্যর্থই মহাভারত রচিত হইয়াছিল। গ্রন্থকর্ত্তা নিজ কবিত্বশক্তি প্রকাশ বা যশোকীর্ত্তি স্থাপনার্থ ইছার প্রণয়নে রত হন নাই। বস্তুতঃ মহাভার-তের রচয়িতা কুত্তিবাসের ন্যায় 'আমি পণ্ডিত' ' আমি কবি' ইত্যাদি গঠবব্যঞ্জক শব্দ কলাপ লিখিয়া ভদ্ৰ জনোচিত কাৰ্য্যের বৈপরীত্য দর্শান নাই। ভাঁহার রচিত ভারতের প্রত্যেক স্থানে ন্মতাব্যঞ্জক বর্ণসমূহ লক্ষিত হয়। দেব কবির ছন্দপ্রণালী পূর্ববতী কবিগণ অপেক্ষা বিশুদ্ধ। কিন্তু কবিত্বগুণে মুকুন্দরাম চক্রবত্তী তাঁহার অপেক্ষা উৎকৃষ্ট ছিলেন। একটা জন-প্রবাদ যে, কাশীরাম দেব ভারত লিখিতে আরম্ভ ক-রিয়া বিরাটপর্ব্ব শেষ করিতে না করিতেই জীব-লীলা সম্বরণ করেন। স্ত্যুকালে আরক্ত ভারতের অর্শিউাংশ রচনার ভার নিজ জামাতার প্রতি অর্পণ করিয়া যান। কতকগুলি লোক এই বিব-

রণের প্রতিবাদী। কিন্তু উভয় দলই নিজ নিজ পক্ষসমর্থন জন্য অনেক প্রমাণ দিয়া থাকেন। ছঃখের বিষয় যে,ভাঁহাদিগের কোন্ সম্পানের কথা সত্য, তাহা জানিবার উপায় নাই। যে মহাত্মার লেখনী সহস্রাধিক পত্রাঙ্কবিশিষ্ট এক মহা কাব্য রচনা করিয়া বন্ধ-সাহিত্য সমাজের এত এরদ্ধি সাধন করিয়াছেন; যে মহাজন সং-ক্তানভিজ্ঞ ভারতাহতপিপাসী বাঙ্গালিগণের ঔৎস্ক্র্য-পিপাদা দূর করিরাছেন; যে পণ্ডিত-বরের কাব্য অবলম্বন করিয়া সহস্র সহস্র গায়ক ও মৃদ্রাঙ্কণকারীগণ বহুল ধন অর্জন করিয়া নিজ নিজ পরিবারের ভরণপোষণ করিতেছে, পরি-তাপের বিষয়! দেই মহদ্বাক্তির প্রকৃত कौवनी व्यामानिरागत व्यवगठ हरेवात छेलाव নাই। কাশীদানী মহাভারত এক্ষণে হুষ্পু াপ্য নহে, সুতরাং তাহা হইতে এস্থলে কোন বিষয় গৃহীত হইল না, কিন্তু তাহাতেও রামায়ণের ন্যায় অনেক স্থান পরিবর্ত্তিত ও সংযোজিত হইয়াছে।

তাহার পর কবিরঞ্জন রামপ্রসাদ সেনের প্রাহ্রভাব হয়। রামপ্রসাদ দেন কবিরঞ্জন বিদ্যাস্থন্দর ও কালীসংকীর্ত্তনের নিমিত বঙ্গভূমে অক্ষয় কীর্ত্তি লাভ করিয়া যান। তিনি আহুমানিক ১৬৪৪ বা ১৬৪৫ শকে (১৭২২ বা ১৭২৩ খৃঃ অঃ) রামরাম দেনের ঔরদে জন্ম গ্রহণ করেন। তাঁহার নিজের বর্ণনায় অবগতি হয় যে, তিনি একজন অতি সন্ত্ৰান্ত প্ৰাচীন বংশ-জাত। কালক্রমে ঐ বংশের ঐশর্যাবিল্প্ত হইয়া যায়, তথাপি রামপ্রসাদের পিতা নিতান্ত নিঃম্ব ছিলেন না। তিনি তাঁহার সন্তানদিগকে বিদ্যালোকে আলোকিত করিতে অকাতরে অর্থ ব্যয় করিয়াছিলেন, কারণ অনুমিত হইয়াছে, রামপ্রসাদ সেন সংস্কৃত, বাঙ্গালা, ও হিন্দী অতি উত্তমরূপ জানিতেন, এবং তদীয় ভাতৃ-বর্গও নিতান্ত অজ্ঞ ছিলেন না। যাহা হউক,রাম-প্রসাদের প্রথমাবস্থা অত্যন্ত হীন ছিল। তিনি নিজ মাতৃভূমি হালিসহরের অন্তবতী কুমার-হট্ট গ্রাম পরিত্যাগ করিয়া কলিকাতার কোন

সম্ভ্রান্ত ব্যক্তির সন্নিধানে মুক্রীর পদে নিযুক্ত হন।
কিছু দিন পরে তথ প্রভু ভাঁহার রচনাও বিষয়বিরাগতা দর্শ নে প্রীত হইয়া ভাঁহাকে নিশ্চিন্ত
মনে ইউদেবতার ধ্যানও কবিত্ব বশঃপ্রভা বিকীপ
করিবার জন্য মাসিক ত্রিং শথ মুদ্রা রভি নির্দ্ধারিত করিয়া দেন। কবিবরও প্রভুর এইরূপ
অমায়িকভাবে অনুগৃহীত হইয়া নিজ জন্মস্থান
কুমারহট্টে প্রস্থান করিলেন। তথায় বৈবয়িক
ব্যাপার হইতে বিরত হইয়া সংকীর্ভনাদি রচনায়
নিযুক্ত থাকিতেন।

রাজা ক্লচন্দ্র সেই সনায় বর্ত্তমান ছিলেন।
তাঁহার বায়ু সেবনার্থ কথন কথন কুমারহটে
শুভাগমন হইত। এক দিবস তিনি গুণবন্ত রামপ্রসাদ সেনের বিষয় অবগত হইয়া তাঁহাকে
নিজ সন্মিধানে আহ্বান করেন। রামপ্রসাদ কার্যপ্রিয় নরপতিকে স্বর্চিত কবিতা পাঠ ও স্মধূর সংগীত দ্বারা পরিতুইকরত "ক্বিরঞ্জন" উপাধির সহিত উপযুক্তরপ পুরক্ত হন। রামপ্রসাদও ক্ভভতার চিত্রস্করণ বিদ্যা স্নদ- রের উপাখ্যান গ্রহণ করিরা " কবিরঞ্জন " নামধেয় একখানি অভিনব কাব্য তাঁহাকে উপ-হার দিয়াছিলেন।

যাহা হউক,জীবনের শেষাং শ তিনি অতি সুখে অতিবাহিত করিয়া ১৬৮০ বা ১৬৮৪ শকে (১৭৫৮ বা ১৭৬২ খ্বঃ অঃ) ভবলীলা সম্বরণ करतम। তिनि को निक धर्मावनशी हिरनन , ठड्डना কিঞ্চিৎ কিঞ্চিৎ সুরাপান করাও অভ্যাস ছিল। ভবমগুলের কি বিচিত্র গতি। এমন কোন জাতি দুট হয় না, যাহাদিগের কবিগণ (তুই এক জন ভিন্ন) দরিদ্র নহেন। ইতিরুত্ত পাঠে অব-গতি হয়, কবি-শুরু বাল্যীকির অবস্থা অত্যন্ত হীন ছিল; পারসিকদিগের মহাকবি হাফেজও লক্ষীর প্রিয়পুত্র ছিলেন না; ইউরোপীয় নহা-কবিকুল-নায়ক সেক্সপিয়র, বায়রণ প্রভৃতিরও অবস্থা প্রথমে উন্নত ছিল না, কিন্তু কি আশ্চ-র্য্যের বিষয় ! তাঁহারা বিলাসপ্রিয় ব্যক্তিগণ কর্ত্তক অপদস্থ ও ঘূণিত হইয়াও,—প্রথমে সাধা-রণের নিকট অজ্ঞাত থাকিয়াও নিজ নিজ স্বাধীন

লেখনীর প্রভাবে পরে যে অক্ষয় খ্যাতি লাভ করিয়া গিয়াছেন, সহস্র সহস্র অর্থ ও লোক-বল সহায়সভূত বিলাস দ্রব্য দারা নশ্বর ইন্দ্রিয় সকল চরিতার্থ করিয়াও ধনিগণ সেই অবিনশ্বর খ্যাতির শতাংশের একাংশেরও অধিকারী হইবার উপযুক্ত নহেন। কবিরঞ্জনের সমকালে আজু গোদাঞী নামক এক ব্যক্তি বৰ্ত্তমান ছিলেন। তাঁহার জীবনী অত্যন্ত অপ-রিচ্ছের। অনেকে অনুমান দারা স্থির করিয়া-ছেন যে, কুমারহট্টের নিকটেই তাঁহার বাসস্থান ছিল। যখন কাব্যপ্রিয় রাজা রুঞ্চন্দ্র 👌 স্থানে বায়ু সেবনার্থ গমন করিতেন, কথিত হইয়াছে, কবিরঞ্জন রামপ্রসাদ সেন তথন রাজ সমীপে থাকিতেন। এই সময়ে আজু গোসাঞী ও রামপ্রদাদের কবিতা দারা উত্তর প্রত্যুত্তর হইত। রামপ্রসাদ যে কোন বিষয় রচনা করিতেন, আজু গোসাঞী দ্বারাতৎক্ষণাৎ একটা তাহার উত্তর প্রস্তুত হইত। তাঁহার দ্রুত রচনার বিশেষ ক্ষমতা ছিল, পরিতাপের বিষয় এই যে, তৎ- প্রণীত কোন কাব্য-কুসুম আমাদিগের নয়নগোচর হয় না। এ স্থলে তাঁহার রচনা-শক্তির
কিঞ্চিং পরিচয় দেওয়া যাইতেছে। একদা
কবিরঞ্জন দ্বারা এইরূপ গীত হইয়াছিল। যথাঃ—

"শ্যামা মা ভাব-সাগরে ভোবনারে মন । কেন আর বেড়াও ভেসে——"

আজু গোসাঞী তৎক্ষণাং উত্তর দিয়াছি-লেন। যথাঃ—

" একে তোমার কোফো নাড়ী,
তুব দিও না বাড়াবাড়ি,
হলে পরে জ্বর জাড়ি,
যেতে হবে যমের বাড়ী।"

কবিরঞ্জন একদিন এইরূপ কহিয়াছি:লস, ষ্থাঃ—

'' কর্মের ঘাট, তেলের কাট, আবর পাগলের ছাট, মলেও যার না।''

আজু গোদাঞী কর্তৃক এইরপ উত্তর প্রদত্ত হইরাছিল। যপাঃ—

"কর্মাডোর, স্বভাব-চোর, জার মদের যোর, মলেও যায় না।"

এই সকল রচনা পাঠে অবগতি হয় যে, আজু গোসাঞী একজন অতি উপযুক্ত ও প্রকৃত ভাবুক ছিলেন। বঙ্গভূমির কি হরদৃউ! याँ।-হারা স্বদেশের উন্নতির নিমিত্ত কত শত দিন নিরাহারে, কত শত যামিনী অনিদায় যাপন করিয়া অনেকানেক সুদীর্ঘ গ্রন্থ সকল রচনা ক-রত বঙ্গদাহিত্যসমাজকে পুষ্টাঙ্গ করিয়াছি-লেন: যাঁহারা বঙ্গমাজের অগ্রগণ্য ব্যক্তি, ছঃ-খের বিষয়, সেই সকল মহাত্মাদিগের জীবন-রভান্ত অতিশয় অপরিজ্ঞেয়। অন্মদেশে, অন্যান্য সভ্যজাতির ন্যায় নিজ নিজ জীবন-বৃত্তান্ত রাখিবার রীতি না থাকাতেই কেবল এইরূপ ঘটিয়াছে।

কবিরঞ্জন ও আজু গোসাঞীয়ের পর কত
শত মাহাত্মা আবিভূ ত হইয়া নিজ নিজ রচনাকুসুম বিকাসিত করিবার প্রয়াস পাইয়াছিলেন,
অনেকে সফলপ্রযত্ন হইয়াও নিবিভারণ্য শোভা কর প্রস্থানর ন্যায় সাধারণের অজ্ঞাতাবস্থাতেই
অথবা কতকগুলি কাব্য-কানন-বাসি ঋষির

চিত্ত-রঞ্জন হইয়াই মুদিত হইয়া গিয়াছে ! রামপ্রসাদ ও আজু গোসাঞীয়ের পরবত্তী রচয়িতাগণের বিবয় অনুসন্ধান করিলে বঙ্গ-কবি-কেশরী গুণাকর ভারতচন্দ্র রায় মহোদয় আমাদিগের মারণ-পথের পথিক হন। অত-এব তাঁহারই বিষয় সমালোচনায় প্রবৃত্ত হওয়া গেল। এছলে গুণাকর কবির পরিচয়-সুচক কয়েকটা কবিতা তাঁহার প্রণীত " স্ত্যনারায়– ণের কথা ' নামী রচনা হইতে উদ্ধৃত হইল। यथा :---

''ভরদ্বাজ অবতংশ, ভূপতি রায়ের বংশ, সদা ভাবে হত কংস, ভুরম্বটে বসতি। নরেন্দ্র রায়ের স্ত, ভারত ভারতী যুক্ত. ফুলের মুখুনী খ্যাত, দ্বিজ পদে সংমতি । (परित क्रांनम धाम, (प्रतानमश्र नाम, ভাহে অধিকারী রাম, রামচক্র মুনসী! ভারতে নরেন্দ্র রায়, দেশে যার যশগায়, হয়ে মোরে কুপাদায়, পড়াইল পারসী ॥"

পূর্ব্বোক্ত রচনাংশ পাঠ করিরা জ্ঞাত হওয়া যাইতেছে যে, গুণাকর ভারতচন্দ্রের পিতার নাম নরেক্র নারায়ণ রায়। তিনি বর্দ্ধমান প্রদেশের অন্তর্কার্ত্তী ভুরস্থট পরগণ স্থিত পা-গুরা গ্রামে অবস্থিতি করিতেন। জাতাংশে অতি উৎকৃষ্ট ছিলেন,একে ব্রাহ্মণ,তাহাতে আবার ফুলের মুখুটি। অর্থাংশেও বড় ক্যুন ছিলেন না। কারণ যে স্থলে ভাঁহার বাসস্থান ছিল, অদ্যাপিও সেই ভূমিথণ্ড "পেঁড়োর গড়া নামে বি-খ্যাত; এবং সেই স্থানের ভগ্নাংশ সকল দর্শন করিয়া অনুমান হয়, কোন সম্পত্তিশালী ব্যক্তি তাহার অধিকারী ছিলেন। যাহা হউক. তিনি যে, সে সময়ের একজন বিখ্যাত ধনাঢ্য ছিলেন, তাহার সন্দেহ নাই। কিন্তু হুর্ভাগ্য বশতঃ কিছুকাল পরে বর্দ্ধমানাধিপের * কোপা-নলে পতিত হইয়া, সমুদয় ঐশ্বর্যা নম্ভ করত অতি ক্লেশে সংসার যাত্রা নির্বাহ করিতেন। তাঁহার চারি পুত্র ছিল; চতুতু জ, অর্জুন, দয়া-রাম, এবং ভারতচক্র ক্রমান্বয়ে জন্ম পরিগ্রহ করেন। যদিও ভারতচক্রকে সর্বা-ক্রিষ্ঠ বলিয়া

^{*} कीर्जिञ्ज ताग्र अरे ममरत्र वर्षमात्मत् ताका हिस्सन।

वर्िं इहेन यथार्थ, किन्नु जिनि कि महीत्रमी भक्ति नर्शारे जन्म পরিগ্রহ করিয়াছিলেন যে, তাহারই প্রভাবে, মহাজন-গণনীয়া তালিকা মধ্যে তাঁহারই নাম তদীয় ভাতৃবর্গ ও পিতা অপেক্ষা অনেক উচ্চতর স্থানে নিবেশিত হই-য়াছে। এই মহাত্মা ১৬৩৪ শকে জন্মগ্রহণ করেন। যখন ইঁহার পিতা অসহনীয় তুরবস্থা-রূপ কারাগারে নিক্ষিপ্ত হয়েন, ভারতচক্র সেই সময়ে পিভৃগৃহ হইতে পলায়ন করত মগুলঘাট পরগণার মধ্যবর্তী নওয়াপাড়া গ্রাংমে (মাতুল ভবনে) বাস করিয়াছিলেন। উক্ত গ্রামের নিকটবর্ত্তী তাজপুর নামক স্থানই ভাঁহার বিদ্যা-শিকার প্রথম স্থান। এই গ্রামে তিনি চতুর্দ্ধশ বৎদর বয়দ পর্যান্ত শুরুতর পরিশ্রম ও যত্ন সহকারে সংক্ষিপ্তসার ব্যাকরণ ও অভিধান সমাপন পূর্বক গৃহে প্রত্যাগত হন। এই সময়ে তাজপুরের নিকটবত্তী শারদা গ্রামে তাঁহার বিবাহ হয়। এই বিবাহে কবি-বরের ভাতৃগণ সম্ভুষ্ট না হইয়া বরং তাঁহাকে

তিরকার করিয়াছিলেন। তেজস্বী ভারতচন্দ্র মনোবেদনায় প্রপীড়িত হইয়া প্রতিজ্ঞা করিয়া-ছিলেন যে, ''ষতদিন আমি অর্থোপার্জন করিতে সক্ষ না হইব, ততদিবস গৃহে প্রতাগমন করিব না।" এইরূপ প্রতিজ্ঞাবদ্ধ হইয়া তিনি প্রথমতঃ হুগলী জেলার অন্তঃপাতি বাঁশবৈড়িয়ার পশ্চিম দেবানন্দপুরের রামচন্দ্র মুন্সী নামক জনৈক সদাশয় ধনাঢ্য কায়ন্তের আত্রিত হইয়া, পারস্ভাষা শিক্ষার্থ যত্নশীল হন। এই সময়ে তাঁহার সংক্ত ও বঙ্গভাষায় বিশেষ ব্যুৎপত্তি জিমারাছিল। এমন কি, উৎকৃষ্ট উৎকৃষ্ট কবিতা সকল অত্যম্পে সময়মধ্যে রচনা ক-রিতে পারিতেন। এই সময়েই তিনি বঙ্গভাষার ছুইখানি " সত্যনারায়ণের পুথি" রচনা করেন। তাঁহার জীবনরভান্ত লেথকেরা বর্ণনা ক্রিয়াছেন,-এই সময়ে ভাঁহার বয়স পঞ্চনশ বর্ষের অধিক ছিল না। যে সময়ে বঙ্গভূমির অবস্থা অত্যন্ত মনদ এবং এতদেশীয়গণের বিদ্যাশিকার পথ অত্যন্ত পঙ্কিল থাকায়,

ভারত কাব্যোদ্যানের বৃক্ষ সকল নানা অঞ্বা-বাতে ছিল্ল ভিল্ল হইয়াছিল, সেই সময়ে, এত नवीन वश्रम अहेक्स विमा ७ त्रहनामान्ति-সম্পন্ন হওয়া সামান্য আশ্চর্য্যের বিষয় নহে ! যাহাহউক, ভারতচন্দ্র পার্স্য ভাষায় সম্যকরূপ বাুৎপত্তি লাভ করিয়া প্রায় বিংশতি বৎসর বয়সে পুনর্কার জন্মভূমিতে প্রভ্যাগত হইয়াছিলেন। তথায় ভাঁহার ভাতৃবর্গকর্তৃক অনুরুদ্ধ হইয়া, পিতৃক্ত ইজারা ভূমি সমূহের গোলযোগ নিষ্পত্তি করণার্থ মোক্তারী পদগ্রহণ পূর্ব্বক বৰ্দ্ধমানে যাত্ৰা করেন। সেই কার্য্য তৎ কর্ত্তক অতি সুচারুরপে সম্পাদিত হইয়াছিল। কিন্তু ভাতৃগণ উপযুক্ত সময়ে রাজস্ব প্রেরণে সক্ষম না হওয়াতে বৰ্দ্ধমানাধিপ দেই সকল ভূসম্পত্তি নিজ প্রভুত্বাধীন করিয়া লইলেন। ভারতচন্দ্র ভাহাতে আপত্তি উত্থাপন করিলে, চুফীমতি রাজকর্মচারিগণ চক্রান্ত করিয়া ভাঁহাকে কারা-ক্লদ্ধ করে। কিন্তু দয়া-ধর্ম-প্রিয় কারাধ্যক তাঁহাকে গোপনে নিছতি প্রদান করেন। ভারত

চন্দ্র এইরূপ অনুগৃহীত হইয়া তথা হইতে কটক যাত্রা করেন। তথন কটক মহারাষ্ট্রীয়দিগের অধিকার ভুক্ত ছিল,এবং শিবভট্ট নামক একজন সদাশয় ব্যক্তি সেই স্থানের স্থবাদার ছিলেন। তিনি অনুগ্রহ করিয়া ভারতচন্দ্রকে আশ্রয় দান পূৰ্ব্বক পুৰুবোত্তম ধামে বাসকরণোপযোগী সমু-मात्र ज्ञवा अमानार्थ कर्महात्रीमिशतक चारमण अमान করেন। ভারতচন্দ্র কিয়দ্দিবস পরে বৃন্দাবন গম-নাভিলাবে পুরুষোত্তম হইতে বহির্গত হইলেন, কিন্তু খানাকুল কুঞ্চনগরে উপস্থিত হইলে তাঁহার ভায়রাভাই তদীয় বৈরাণ্য ভাব দর্শন করত, অনেক প্রকার প্রবোধ বাক্য দ্বারা ভাঁহার মনোভাব পরিবর্ত্তন করিলেন। সুতরাং রন্দাবন যাত্রা শুগিত হইল, এবং কিছুকাল শ্বস্তুরালয়ে অতিবাহিত করিলেন। অতঃ-পর তিনি ফরাসী গবর্ণমেন্টের দেওয়ান বারু ইন্দ্রনারায়ণ চৌধুরী মহাশয়ের সাহায্যে নব-দ্বীপাবিপতি স্থবিখ্যাত কৃষ্ণচন্দ্র রাথের নিকট পরিচিত হন। রাজা কৃষ্ণচন্দ্র কাব্যপ্রিয়তাগুণে

অদ্বিতীয় ছিলেন, সুতরাং ভাঁহার নিকট গুণা-কর ভারতচন্দ্রের ন্যায় সুক্রির কথনো াক ষ্মনাদর হইবার সম্ভাবনা ? কথনই নহে। রাজা তাঁহার কবিত্বগুণে মোহিত হইয়া ''গুণাকর'' উপাধির সহিত ৪০ টাকা বেতনে নিজ সভায় নিযুক্ত করিলেন। কৃষ্ণচন্দ্রের বিশেষাপুগ্রহ ও উৎসাহে ভারতচক্র প্রথমত অরদামঙ্গল রচনায় প্রব্ত হয়েন এবং তাহার কিছুকাল পরে বিদ্যা-সুন্দর রচিত হয়। অনেকে কহিয়া থাকেন, ভারতচন্দ্র বর্দ্ধমানাধিপের পৃর্ব্বক্তুত অত্যাচার বিস্মৃত হইতে পারেন নাই, ভজ্জন্যই তিনি উক্ত রাজবংশের গ্লানি-সুচক বিষয় অবলম্বন করত বিদ্যাস্থন্দর রচনা করেন। একথা নিতান্ত অপ্রামাণিক নহে,কবিবরের জীবনী ও বিদ্যাস্থন্দর मतानित्यभ भूर्खक भाष्ठे कतित्व व्यनाशास्त्रहे সেই ভাব উপলব্ধি হয়। কিন্তু ইহা যে পূৰ্ববৰ্ণিত সংকৃত গ্রন্থের আভাস লইয়া রচিত হইয়াছে, তদ্বিষয়ে কেহ দ্বিরুক্তি করিতে পারিবেন না। বিদ্যাস্থন্দর রচনার পর ভারতচন্দ্র রসমঞ্জরী

রচনা করেন। ইহাতে আদিরস বর্ণিত হইয়াছে। ভারতচন্দ্র এই রচনার বিশেষ ক্ষমতা প্রকাশ করিয়াছেন। অনেকের এইরূপ মন্তব্য যে, লেখ-কের রচনা দেখিয়া তাঁহার আন্তরিক ভাব জ্ঞাত হওয়া বায় অধাৎ যাঁহার যে বিষয়ে অধিক আসক্তি তিনি স্বকীয় রচনা মধ্যে তাহা প্রায়ই ব্যক্তকরিয়া ফেলেন। একথা সত্য: কিন্তু ভারত-চন্দ্র সে প্রকৃতির লোক ছিলেন না। তিনি ধেমন সুরসিক ছিলেন, তেমনি ভাঁহার চরিত্র কলঙ্ক বিবর্জিত ছিল। কবিরঞ্জন রামপ্রসাদ সেন সুরাশক্ত ছিলেন, কিন্তু গুণাকর নিজ চরিত্রকৈ সে দোষে কলক্ষিত করেন নাই। তিনি জীবনের শেষাংশ মূলাযোড় গ্রামে অতি-बाह्डिक करतन। अञ्चलां भक्तन, तमभक्षती ও विला-পুন্দর ব্যতীত তৎ কর্তৃক সংস্কৃত ও বঙ্গভাষায় অনেক কুদ্র কুদ্র প্রবন্ধা রচিত হইয়াছিল। ভা-ব্লুহচন্দ্র রায় ইহলোক পরিত্যাপ করিবার কিছু পূর্বে চণ্ডীনাটক রচনায় প্রবৃত্ত হইয়াছিলেন। তাहा मः कु ठ, वाङ्गाला ও हिन्हो जायाग्र नाना-

লঙ্কারেভূষিত হইয়া রচিত হইয়াছিল। কিন্তু আমাদিগের হুরদৃষ্টবশতঃ গ্রন্থথানি শেষ না হইতে হইতেই ভাঁহার দৃত্যু হয়। ১৬৮২ শকে কবিবর ভারতচক্র নশ্বর তন্নু ত্যাগ করেন।

ইঁহার সমকালে রাধানাথ নামক এক ব্যক্তি বর্ত্তমান ছিলেন। সে বাক্তি কে? কোথায় বসতি, ভাহা জানিবার উপায় নাই। তিনিও ক্রিত্ব শূন্য ছিলেন না, বিদ্যাস্থক্দরের কোন অংশে তাঁহার রচনা দুউ হয়। গুণাকর ভারত-চন্দ্রের পর রামনিধি গুপ্ত# আমাদিগের বর্ণ-নীয় বিষয় হইতেছেন। তিনি ১১৪৮ সালে কলিকাতার অন্তঃপাতি কুমারটুলি পলিতে জন্ম-গ্রহণ করেন। তিনি 'ইফ ইণ্ডিয়া কোম্পানির' অধীনে অনেক প্রধান প্রধান কর্ম করিয়াছি-লেন। আদিরস বর্ণনায় তাঁহার বিশেষ ক্ষমতা ছিল। তৎপ্রণীত সঙ্গীত সমূহ এখনো বঙ্গ-সমাজের আদরণীয় পদার্থ মধ্যে গণ্য হইয়া আনিতেছে। অত্যন্ত ধার্মিক ও সকরিত্র মহো-

^{*} ইান নিধুবারু নামে বিখ্যাত।

नत्रभगरक्छ व्याद्यारमत्र महिङ निधुवावूत हेल्ला প্রবণ করিতে দেখা যায়। তিনি ১২৪৫ সালে ৯৭ বংসর বয়সে তত্ন ত্যাগ করেন। সঙ্গীত ভিন্ন তাঁহার প্রণীত অন্য কোন গ্রন্থ আমাদিগের নয়নগোচর হয় না, রামনিধি গুপ্ত জীবিত থাকিতে থাকিতেই মদনমোহন তক লিঙ্কারের রচনা-কুমুম প্রস্ফুটিত হইয়াছিল। এই মহোদয় ১২২২ সালে জন্মগ্রহণ করেন, ভাঁহার পিতার নাম রামধন চট্টোপাধাায়, পিতামহের নাম কুফ্কিশোর চট্টোপাধ্যায়। নদীয়ার অন্তর্বভী বিল্ঞামে ভাঁহার পূর্ব্ব পুরুষের বাসস্থান ছিল। তিনি বাল্যকালে প্রথমতঃ গ্রাম্য পাঠশালার অধ্যয়ন করিয়া রামদাস ন্যায়রত্ব সমীপে সং-ক্ষত ব্যাকরণ পড়িতে আরম্ভ করেন। তৎপরে কলিকাতান্ত্ সংস্কৃত কালেজে ১৫ বৎসর অধ্য-য়ন করিয়া সংক্ষৃত সাহিত্যে বিশেষ পারদশী^ৰ হন। কালেজ পরিত্যা**গের সময় অ**ধ্য**ক্ষেরা** তাঁহাকে তর্কালকার উপাধি প্রদান করিয়াছি-লেন। ইংরাজি ভাষায়ও তাঁহার ব্যুৎপতি ছিল।

তিনি পঠকশাতেই ''বাসবদন্তা" কাব্য রচনা করেন। এই গ্রন্থ বিক্রমাদিত্যের সভাস্থ রত্ন-বর বরফ়চির ভাগিনেয় সুবন্ধু কর্তৃক প্রথমত সংক্ত ভাষার রচিত হয়। তর্কালকার মহা-শয় সেই উপাধ্যান অবলয়ন করিয়া বঙ্গ-ভাষায় এক স্থবিস্তৃত কবিত্ব পরিপুরিত কাব্য প্রণয়ন করেন। গ্রন্থাবতারিকা মধ্যে লিখিত আছে যে, ''এই গ্রন্থ যশোহর জেলার অন্তঃপাতি ইসফ্পুর পরগণাস্থ নওয়াপাড়া গ্রাম নিবাদী কালীকান্ত রায়ের অসুমত্যসুদারে রচিত হয় ৷ ক্ষণে (১৮৭০ খৃঃঅঃ) বাসবদন্তার বয়ঃক্রম প্রায়২১ বৎসর হইয়াছে। তাঁহার পঠদ্দশায় প্রণীতদ্বিতীয় পুস্তকের নাম "রসতরঙ্গিণী" ইহাতে কতগুলি সংস্কৃত উদ্ভট কবিতার অনুবাদ সন্নিবেশিত हरेगारह। रेहात तहना व्यनाली वामवेषे च-পেক্ষা উত্তম, কিন্তু বর্ণিত বিষয় অত্যন্ত অশ্লীল। পিতা পুত্রে এক স্থানে পাঠ করিবার উপযুক্ত নহে। তক বিশ্বার মহাশয় কালেজ হইতে বহি-প্ত হইয়া প্রথমতঃ কলিকাতা গ্রণ্মেণ্ট পাঠ-

শালায় ১৫ টাকা বেতনে শিক্ষকতা কার্য্যে নি-যুক্ত হইয়াছিলেন। তৎপরে ২৫ টাকা বেতনে বারাসত ইংরাজী-বঙ্গ-বিদ্যালয়ের পণ্ডিত হন। কিছু দিন পরে সে স্থান পরিত্যাগ করিয়া কলি– কাভা কোর্ট উইলিয়ম কালেজের দেশীয়ভাষার অধ্যাপকের পদে নিযুক্ত হইয়াছিলেন। অনন্তর ৫০ টাকা বেডনে ক্লফনগর কালেজের প্রধান পণ্ডিতের আসন গ্রহণ করেন। কিছুকাল পরে সেস্থান হইতে পুনর্ব্বার কলিকাতা সংস্কৃত কালেজের সাহিত্যাধ্যাপক হন। এই সময়ে বালক বালিকার পাঠ্য পুস্তকের অভাব দেখিয়া তিনি ক্রমান্বয়ে তিন ভাগ শিশুশিক্ষা প্রণয়ন করেন। ইহার পূর্বের বালকবালিকাগণের প্রথম পাঠোপযুক্ত সুপ্রণালীবদ্ধ গ্রন্থ প্রায় ছিল না, তক লিকার মহাশয় তাহার প্রথম অভাব মোচন করেন। তাঁহার পুস্তকের আদর্শ লইয়া এখন অনেকেই উক্তবিধ প্রস্থ সকল প্রণয়ন করিতেছেন ও করিয়াছেন। যাহাহউক, তিনি কখনো একস্থানে দীর্ঘকাল কার্য্য করেন নাই। সংকৃত কালেজে কিছুকাল অধ্যাপ-কতা করিয়া ১২৫৬ সালে মাদিক ১৫০ টাকা বেতনে বহরমপুরের জজ্পণ্ডিতের পদে নিযুক্ত হন। সর্কশেষে কান্দী মহকুমার ডিপুটি মাজিট্রেটের পদে অভিষিক্ত হইয়াছিলেন। জীবনের অবশিন্টাংশ ঐ স্থানে সুখে অভিবাহিত করিয়া ১২৬৪ সালে প্রাণ ত্যাগ করেন।

তক লিক্ষার মহাশয়ের সমকালে অথবা
অব্যবহিত পরেই রামবস্থ, হৃদ্রচাকুর, বাস্থসিংহ, নিত্যানন্দ বৈরাগী প্রভৃতি কয়েক জন
কবিওয়ালা প্রাহ্নভূতি হন। ই হাদিগের
মধ্যে কেইই উপযুক্তরূপ বিদ্যালোকসম্পন্ন
ছিলেন না। কিন্তু তাঁহাদিগের রচিত সঙ্গীতমালায় বিশেষ কবিত্ব-জ্যোতি লক্ষিত হর।
তাঁহাদিগের মধ্যে রামবস্থ সাধারণের নিকট
অধিক পরিচিত, স্বতরাং তাঁহার বিবরণ এন্থলে
কিঞ্চিৎ প্রকটিত হইলঃ—তিনি ১১৯৪ বন্ধাকে
কলিকাতার অপরপারস্থ সালিখা নামী গ্রামে

জন্মগ্রহণ করেন। সঙ্গীত রচনায় ভাঁহার বিশেষ ক্ষমতা ছিল। ১২৩৬ সালে ৪২ বৎ-সর বয়সে তিনি গভায়ু হন। ভাঁহার রচনা-কুমুম অমাদেশীয় লোকদিগের অমনোযোগিতা मारिय ४९ म इरेशा शिशाष्ट्र। किছूकान भूटर्स কবিবর ঈশ্রচন্দ্র গুপ্ত মহোদয় সেই সকল স্থ-ভাব সঙ্গীত নিক্র সংগ্রহার্থ যত্নবান হইয়া-ছিলেন। কিন্তু আমাদিগের ভাগ্যদোষে তিনিও অকালে কালকবলিত হন। এক্ষণে কোন কোন মহাশয় অনুসন্ধান করিয়া রামবস্থর বিলুপ্ত রচনার অনেকাংশ আবিষ্কার করিয়াছেন। তাঁহাদিগের আবিষ্কৃত এক অংশ আমরা কুভজ্ঞতার সহিত এম্বলে গ্রহণ করিলাম। यथाः--

(ठांकक्रन विवश ।)

"প্রহে গিরি গাডোল তেন। এজেন্ হিমালয়। উঠ ছুর্গা ছুর্গা বলে, ছুর্গাকর কোলে, মুখে বলো জয় জয় ছুর্গা জয়। কন্যাপুত্র প্রতি বাছ্না, তায় ভাছ্ন্য, করা নয়;

আঁচল ধরে ভারাঃ---वल, हिमा, किमा, भारभा, अमा, মাৰাপেৰ কি এমনি ধারা! গিরি ভূমি যে অগতি, বোমে না পার্কভী, প্রস্থতির অখ্যাতি জগৎময়।"

এক্ষণে কৃষ্ণকান্ত ভাছড়ি নামক জনৈক ব্যক্তির পরিচয় দেওয়া যাইতেছে। তিনি নবদ্বীপাধি-পতি গিরিচশন্ত্র রায়ের* সভাপণ্ডিত ছিলেন। রাজা তাঁহার উপস্থিত বাক্পটুতাও সুর্বাদ-কতায় প্রীত হইয়া "রসসাগর" উপাধি প্রদান রসসাগরের অতিশয় ক্রতরচনায় ক্ষমতা ছিল, এমন কি, কোন প্রশ্ন করিলেই তিনি তৎক্ষণাৎ তাহার উত্তর পদ্যে প্রদান করিতে পারিতেন। একদা রাজাকর্তৃক এইরূপ প্রশ্ন প্রমান বিশাঃ---

"গাভীতে ভক্ষণ করে সিংহের শারীর।" রসসাগর অধিকক্ষণ চিন্তা না করিয়াই এই-রূপ উত্তর দিয়াছিলেন। যথাঃ---"ৰহারাজ রাজধানী, নগর বাহির। दात्रहेशाति म। एक हि इतन कि कित ॥

ক্টনি খত নৰ্থাপাধিপতি সভীশচলে রায়ের পিতামই।

ক্রমে ক্রমে খড় দড়ী, চইল বাহির। গাড়ীতে ভক্ষণ করে, সিংহের শরীর।"

তিনি এইরপ কত শত কবিতা রচনা করিয়াছিলেন,তাহার সংখ্যা করা যায় না। হিন্দীভাষাতেও ভাঁহার ঐরপ নৈস্গিক ক্ষমতা ছিল।
ভাঁহার প্রণীত কোন পুস্তক আমাদিগের
নরনগোচর হয় নাই।

এক্ষণে কবিবর ঈশ্বরগুপ্ত আমাদিগের বর্ণনার বিষয় হইতেছেন। ১২১৬ সালে কলি-কাতার ১৪ কোশ উত্তর কাঁচড়াপাড়া প্রামে হরিনারায়ণ গুপ্তের ঔরসে গুপ্ত কবির জন্ম হয়। বাল্যকালে তিনি কোন বিখ্যাত বিদ্যালয়ে অধ্যয়ন করেন নাই। কিন্তু শৈশবকাল হই-তেই তাঁহার কবিতা রচনায় বিশেষ অনুরাগ ছিল। বাল্যকাল (প্রায় ছয় বৎসর বয়ঃক্রম) হ-ইতে তিনি কলিকাতায় মাতুলালয়ে বাস করি—তেন। ১২৩৭ সালের ১৬ই মাঘ হইতে তিনি প্রথমতঃ সাপ্তাহিক নিয়মে "সংবাদ প্রতাকর" প্রচারণে প্রয়ত হন। কিছু দিন পরে সপ্তাহে

তিনবার ও পরিশেষে বর্ত্তমান প্রাত্যহিকনিয়মে এপ্রভাকর প্রচারিত হয়। সেই সময়ে তিনি কবিত্মক্তির পরিচয় দিবার নিমিত্ত আর এক-খানি মাসিক প্রভাকর প্রচার করেন। তাহা কেবল নানা বিষয়িণী কবিভাসালায় পরিপৃরিভ থাকিত। ''সাধুরঞ্জন'' ও ''পাবগু-পীড়ন" নামে আর হুইথানি সাপ্তাহিক পত্র তৎ কর্তৃক সম্পা-দিত হইত। কবিবর সাধুরঞ্জনকে নানা প্রকার জ্ঞানগর্ভ প্রবন্ধ সমূহে ভূষিত করিতেন। পা-যও-পীড়নেও ঐরপ বিষয় সকল লিখিত হইত। কিন্তু দেই সময়ে মাননীয় ভাক্ষর সম্পাদক গৌরীশঙ্কর ভট্টাচার্য্যের সহিত ঈশ্বর শুপ্তের বিবাদ হওয়াতে শেষোক্ত পত্রথানিতে অপ্লাল বিষর সন্নিবেশিত হইয়াছিল। কবিবর এই সকল পত্র সম্পাদন করিয়া যে অবকাশ পাইতেন, তাহাও বঙ্গ-সাহিত্যোর্তি সাধক বিষয়ে অতিবাহিত করিতেন। তিনি দশ বা দাদশ বংসর নানা স্থান পর্যাটন করত ভারতচন্দ্র, কবিরঞ্জন, রামনিধি গুপ্তা, হরু-

ঠাক্র, রামবস্থ ও নিতাইদাস প্রভৃতি হত কবিগণের জীবনরভান্ত সংগ্রহ করেন। সেই-গুলি প্রভাকরে প্রকাশিত হইয়াছিল। কেবল ভারতচন্দ্রের জীবনরভান্ত তিনি স্বতন্ত্র পুস্ত-কাকারে পুনমু দান্ধিত করিয়াছিলেন। তাঁহার যত্ন ও পরিশ্রম বলে অস্মদ্দেশের ও বঙ্গ-সাহিত্যসংসারের যে উপকার সাধিত হইয়াছে, ভজ্জনা তাঁহার প্রতি আমাদিগের সকলেরই কৃত্ত হওয়া উচিত।

'প্রেবোধ প্রভাকর" নামক তিনি একখানি
পুস্তক রচনা করেন। তাহাতে জ্বীব-তত্ত্-বিষয়ক
প্রসঙ্গ সকল সন্নিবেশিত হইয়াছে। সেই পুস্তকের রচনাপ্রণালী অনেকাংশে প্রাঞ্জল। তাহা
১২৬৪ সালের ১লা চৈত্রে গ্রন্থকর্তা কর্তৃক প্রথম
প্রকাশিত হইয়াছিল। ইহার পর 'হিতপ্রভাকর" নামধেয় আর একখানি গদ্য পদ্যময়
গ্রন্থ রচিত হয়। কথিত আছে, গুপ্ত
মহাশর স্ববিধ্যাত বেশুন সাহেবের অসুরোধপরতন্ত্র হইয়া বিষ্ণুশন্মাক্তত হিতোপদেশের

মিত্রলাভ, সুহৃদ্ভেদ, বিগ্রহ,ও সন্ধি এই চারিটী বিষয় অবলম্বন করত ঐ গ্রন্থ রচনা করেন। ইহার রচনাপ্রণালী সরল ; হুর্কোধ স্থান প্রায়ই নয়নগে:চর হয় না। ঐ গ্রন্থ তাঁহার স্ত্যুর পর ১২৬৭ সালের ১১ই চৈত্রে ভদীয় ভ্রাতা শ্রিযুক্ত রামচন্দ্র গুপ্ত (যিনি বর্তমান প্রভাকর সম্পাদক) কর্তৃক প্রকাশিত হইয়াছে। এতস্কিন্ন ''বোধেন্তুবিকাশা" ও ''কলিনাটক"নামধেয় হুই-খানি গ্রন্থের রচনা আরম্ভ করিয়াই জীব-লীলা সম্বরণ করেন। ১২৭২ সালে প্রথমোক্ত পুস্তক-থানির তিন অক মাত্র প্রচারিত হয়। তাহা প্রবোধচন্দ্রোদয় নাটকের আভাস লইয়া রচিত। তাহার অধিকাংশ স্থানই হাস্যরসে পরিপূর্ণা গুপ্ত মহাশয় হাস্যরস বর্ণনায় বিশেষ ক্ষমতা দেখা-ইয়া গিয়াছেন। এতন্তিন্ন তিনি ক্তশত হাস্যো-দ্দীপক সঙ্গীত ও নানা বিষয়িণী কবিতা-মালা রচনা করিয়াছেন, তাহার ইয়ন্তা করা যায় না। ১২৬৫ সালের ১০ই মাঘে তিনি এই সকল অক্ষয় কীর্ত্তি স্থাপন করত, ইহলোক পরিত্যাগ

করেন। কবিবর সশর গুপ্তের সমকালেই এতদেশীয় গায়কসম্প্রদায়ের প্রাচ্জাব হয়। তাঁহাদিগের মধ্যে দাশরথী রায় বিশেষ খ্যাতিলাভ করেন। অথচ তিনি ভালরূপ লেখা পড়া জানিতেন না। সঙ্গীত রচনাই তাঁহার প্রধান উপজীবিকা ছিল। দাশরথী প্রণীত পাঁচখণ্ড পাঁচালি এখন বহুল পরিমাণে প্রচারিত হইরা বিক্রীত হইতেছে।

১৭৪৯ শকে (১৮২৭ খৃঃ অব্দে) মুলাবোড়
নিবাদী বঙ্গচন্দ্র বন্দ্যোপাধ্যার অন্নদামঙ্গলের
বিষয় লইয়া হুর্গামঙ্গল রচনা করেন। কথিত
আছে, কলিকাতা নিবাদী স্থবিখ্যাত হত বারু
আশুতোষ দেবের উৎসাহে উক্ত কাব্যথানি
রচিত হইয়াছে। তাহাতে প্রশংসনীয় ভাগ
অতি অণ্প।

প্রায় ২০বং দর অতীত হইল, রঘুনন্দন গোস্বামী নামক জনৈক ব্যক্তি রামায়ণের সপ্ত কাণ্ড অবলম্বন পূর্বাক 'রোমরসায়ন" নামক কাব্য রচনা করেন। সেই গ্রন্থের রচনাপ্রণালী বড় উৎকৃষ্ট নহে, কিন্তু তাহাতে রচয়িতার কবিত্বশক্তি পরিচায়ক অনেক স্থল দৃষ্ট হয়। গ্রন্থকর্ত্তা অতি উত্তমরূপ সংস্কৃত জানিতেন।

